



ময়মনসিংহ পল্লী বিদ্যুৎ সমিতি-৩  
শঙ্খগঞ্জ, ময়মনসিংহ।

দরপত্র বিজ্ঞপ্তি

০১। ময়মনসিংহ পল্লী বিদ্যুৎ সমিতি-৩ কর্তৃক নিজস্ব তহবিলের আওতায় নিম্নের বর্ণনা অনুযায়ী মালামাল ক্রয়ের জন্য বাংলাদেশী প্রকৃত প্রস্তুতকারী/ সরবরাহকারী প্রতিষ্ঠানের নিকট হতে সীলমোহরকৃত দরপত্র আহ্বান করা যাচ্ছে।

ক্রম নং	দরপত্র নং	ক্রয়তব্য মালামালের বিবরণ	দরপত্র দলিলের মূল্য	দরপত্র জামানতের পরিমাণ	দরপত্র দলিল (টেন্ডার ডকুমেন্ট) বিক্রয়ের সময়সূচী	দরপত্র গ্রহণ ও খোলার সময়সূচী	
						গ্রহণ	খোলা
০১	G.R.24-25- 064-18	কর্মচারীদের পোষাক	১০০০/-	২২,০০০/-	০৬/০৩/২০২৫ খ্রিঃ বৃহস্পতিবার হতে ১৯/০৩/২০২৫ খ্রিঃ বুধবার (অফিস চলাকালীন সময় পর্যন্ত)।	২০/০৩/২০২৫ খ্রিঃ তারিখ বেলা ১১:০০ ঘটিকা (BST) পর্যন্ত পরিচালক, পবিস মনিটরিং ও ব্যঃ পঃ (কেঃ অঃ) পরিদপ্তর, বাপবিবোর্ড, ঢাকা।	২০/০৩/২০২৫ খ্রিঃ তারিখ বেলা ১১:০৫ ঘটিকা (BST) পরিচালক, পবিস মনিটরিং ও ব্যঃ পঃ (কেঃ অঃ) পরিদপ্তর, বাপবিবোর্ড, ঢাকা।

- ০২। আত্মস্বী দরদাতাগণ অফিস সময়ে নিম্ন ঠিকানা হতে অতিরিক্ত তথ্য সংগ্রহ করতে পারবেন এবং দরপত্র দলিল দেখতে পারবেন।
- ০৩। আত্মস্বী দরদাতাগণ “ময়মনসিংহ পল্লী বিদ্যুৎ সমিতি-৩” এর অনুকূলে যে কোন তফসিল ব্যাংক হতে প্রতিটি দরপত্র ক্রয়ের জন্য ছকে উল্লেখিত টাকার অফেরতযোগ্য (দরপত্র দলিলের মূল্য) পে-অর্ডার/ ব্যাংক ড্রাফট সংযুক্ত করণঃ ময়মনসিংহ পবিস-৩ এর সিনিয়র জেনারেল ম্যানেজার বরাবরে নিজস্ব লেটার হেড প্যাডে আবেদনের মাধ্যমে ময়মনসিংহ পল্লী বিদ্যুৎ সমিতি-৩, শঙ্খগঞ্জ, ময়মনসিংহ এবং পরিচালক, পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (কেন্দ্রীয় অঞ্চল) পরিদপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুৎতন্ত্রণ বোর্ড, সদর দপ্তর ভবন (৯ম তলা), নিকুঞ্জ-২, খিলক্ষেত, ঢাকা-১২২৯ হতে দরপত্র দলিল সংগ্রহ করতে পারবেন। ডাক/কুরিয়ার যোগে কোন দরপত্র দলিল প্রেরণ করা যাবে না।
- ০৪। দরপত্রের উপরে বর্ণিত সময়সীমার মধ্যে যে কোন দিন (সরকারী ও সাপ্তাহিক ছুটির দিন ব্যতিত) অফিস সময়ে ব্যক্তিগতভাবে পরিচালক, পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (কেন্দ্রীয় অঞ্চল) পরিদপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুৎতায়ন বোর্ড, সদর দপ্তর ভবন (৯ম তলা), নিকুঞ্জ-২, খিলক্ষেত, ঢাকা-১২২৯ এই ঠিকানায় দরপত্র পৌছাতে হবে। বিলম্বে গৃহীত দরপত্র বাতিল করা হবে। প্রতিটি দরপত্রের সাথে ময়মনসিংহ পল্লী বিদ্যুৎ সমিতি-৩ এর অনুকূলে যে কোন তফসিল ব্যাংক হতে ছকে উল্লেখিত পরিমাণ টাকার পে-অর্ডার/ব্যাংক ড্রাফট দরপত্র জামানত হিসাবে সংযুক্ত করতে হবে। দাখিলকৃত দরপত্রসমূহ বর্ণিত সময়সূচী অনুযায়ী ময়মনসিংহ পবিস-৩ এর সিনিয়র জেনারেল ম্যানেজার বরাবরে নিজস্ব লেটার হেড প্যাডে আবেদনের মাধ্যমে পরিচালক, পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (কেন্দ্রীয় অঞ্চল) পরিদপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুৎতায়ন বোর্ড, সদর দপ্তর ভবন (৯ম তলা), নিকুঞ্জ-২, খিলক্ষেত, ঢাকা-১২২৯এ দরদাতাদের উপস্থিতিতে (যদি কেহ উপস্থিত থাকেন) খোলা হবে।
- ০৫। কার্যাদেশ প্রদানকারী প্রতিষ্ঠানকে ময়মনসিংহ পল্লী বিদ্যুৎ সমিতি-৩ কর্তৃক সরাসরি মালামালের মূল্য চেকের মাধ্যমে পরিশোধ করা হবে। সরবরাহকারীকে সরকারী নিয়মানুযায়ী আয়কর ও ভ্যাট পরিশোধ করতে হবে।
- ০৬। দরপত্র সম্পর্কে কারও কোন জিজ্ঞাস্য থাকলে/ ব্যাখ্যার প্রয়োজন হলে তা দরপত্র খোলার নির্ধারিত সময়ের কমপক্ষে ০৭ (সাত) দিন পূর্বে নিম্ন ঠিকানায় লিখিত ভাবে অনুরোধ জানাতে হবে।
- ০৭। ময়মনসিংহ পল্লী বিদ্যুৎ সমিতি-৩ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ অথবা বাতিল করার অধিকার সংরক্ষণ করে।

“বিদ্যুৎ ব্যবহারে সাশ্রয়ী হোন, অন্যকে ব্যবহারের সুযোগ দিন”

সিনিয়র জেনারেল ম্যানেজার  
ময়মনসিংহ পল্লী বিদ্যুৎ সমিতি-৩  
শঙ্খগঞ্জ, ময়মনসিংহ।